JAN 2 4 200[illegible]

তারিখ ...
পৃষ্ঠা [illegible] কলাম ... [illegible]

[illegible]

# প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠন পদ্ধতির নীতিমালা সংযোজনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ

প্রাথমিক শিক্ষার গুণগত মানোন্নয়নে বিদ্যালয় ম্যানেজিং কমিটির ভূমিকা শীর্ষক ১৯৯৯ প্রণীত পুস্তিকায় এবং প্রকাশিত প্রজ্ঞাপনে সরকারী ও বে-সরকারী রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠন পদ্ধতির বর্ণিত নীতিমালা পর্যালোচনা করলে বলতে হয়, উক্ত পুস্তিকায় এবং প্রজ্ঞাপনে ম্যানেজিং কমিটি গঠনের নীতিমালার খুঁটিনাটি বিষয়ে আরও নিয়ম-নীতি প্রণয়ন করে সংযোজন করা আবশ্যক। কেননা উক্ত পুস্তিকায় ও প্রজ্ঞাপনে বর্ণিত নীতিমালায় অনেক বিষয়ে সুস্পষ্ট উল্লেখ না থাকায় ম্যানেজিং কমিটি গঠনে জটিলতা দেখা দেয়। প্রাথমিক বিদ্যালয়ের ৫ জন অভিভাবক ক্যাটাগরির (১.৭, ১.৮, ১.৯, ১.১০ ও ১.১১) সদস্যের নির্বাচন সংশ্লিষ্ট সহকারী থানা শিক্ষা অফিসার পরিচালনা করবেন বলে উক্ত পুস্তকের ১০ পৃষ্ঠায় ও প্রজ্ঞাপনে ২.৮ উপ-অনুচ্ছেদে উল্লেখ আছে। কিন্তু ছাত্র- ছাত্রীর অভিভাকদের তালিকাভুক্ত করে নির্ধারিত সময়ের মধ্যে খসড়া ভোটার তালিকা প্রণয়ন, প্রকাশ, চূড়ান্ত ভোটার তালিকা অনুমোদন এবং নির্বাচনী ইস্তেহার ঘোষণা বিষয়ে সুস্পষ্ট নিয়ম-নীতির সংযোজন আবশ্যক।

নিকটতম মাধ্যমিক বিদ্যালয়ের একজন শিক্ষক-শিক্ষীকা (১.৫) থানা-উপজেলা শিক্ষা কর্মকর্তা কর্তৃক মনোনীত হবেন। সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষক অথবা সংশ্লিষ্ট সহকারী থানা শিক্ষা অফিসার নিকটতম মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/সেক্রেটারীর নিকট একজন শিক্ষক-শিক্ষিকার নাম চেয়ে পাঠাবেন। উক্ত প্রধান শিক্ষক/সেক্রেটারী একজনের নাম প্রেরণ করবেন। সে মতে থানা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মনোনয়ন দিবেন। এমন সুস্পষ্ট ব্যাখ্যা থাকা আবশ্যক যাতে পদ্ধতিগতভাবে জটিলতা না হয়।

১.২ বিদ্যোৎসাহী পুরুষ ১.৩ বিদ্যোৎসাহী মহিলা ও ১.৪ দাতা সদস্য ইউনিয়ন পরিষদ এলাকায় চেয়ারম্যান কর্তৃক এবং পৌর কর্পোরেশন এলাকায় থানা শিক্ষা অফিসার কর্তৃক মনোনীত হবেন বলে বিধান আছে। অনেক ক্ষেত্রে চেয়ারম্যানগণ দলীয়করণের স্বার্থে পক্ষপাতিত্ব করে মনোনয়ন দিয়ে থাকেন। আবার এমন লোককে বিদ্যোৎসাহী হিসাবে মনোনয়ন দিয়ে থাকেন যা নিজের নাম কোন রকমে স্বাক্ষর করতে পারেন। একই ব্যক্তি কর্তৃক তিন জনকে মনোনয়ন দেয়ার নীতি রহিত করে ইউপি পরিষদ এলাকায় শধু দাতা সদস্যের মনোনয়ন চেয়ারম্যান ও পৌর কর্পোরেশন এলাকায় বিদ্যোৎসাহী পুরুষ ও মহিলা সদসের মনোনয়ন থানা শিক্ষা অভিসার কর্তৃক এবং ইউনিয়ন পরিষদ এলাকায় বিদ্যোৎসাহী পুরুষ ও মহিলা সদস্যের মনোনয়ন থানা প্রাথমিক শিক্ষা কমিটির সভাপতি (থানা নির্বাহী অফিসার) ও পৌর কর্পোরেশন এলাকায় জেলা প্রাথমিক শিক্ষা অফিসার অথবা পৌর কর্পোরেশন চেয়ারম্যান কর্তৃক মনোনীত হবার বিধান সংযোজন দরকার। সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষক/ ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক অথবা সংশ্লিষ্ট সহকারী থানা শিক্ষা অফিসার উক্ত সদস্য মনোনয়নের জন্য প্রত্যেকটি বিষয়ে তিন জনের নাম প্রেরণ করবেন। সে মতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রত্যেক বিষয় বা গ্রুপ হতে একজনকে মনোনয়ন প্রদান করবেন। এমন সুস্পষ্ট ব্যাখ্যা থাকলে কমিটি গঠনে পদ্ধতিগতভাবে জটিলতা হয় না।

আবার যে সমস্ত প্রাথমিক বিদ্যালয়ে যুক্তিসংগত কারণে ম্যানেজিং কমিটি গঠন সম্ভব নয় সে ক্ষেত্রে এডহক ম্যানেজিং কমিটি গঠনের বিধান থাকা আবশ্যক। এডহক ম্যানেজিং কমিটির নির্ধারিত সময়সীমা ও দায়িত্ব-কর্তব্য উল্লেখ থাকা প্রয়োজন। সর্বজনীন, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়নে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির (এসএমসি) ভূমিকা অনস্বীকার্য। তাই ম্যানেজিং কমিটি গঠন প্রণালীর সুস্পষ্ট ব্যাখ্যা ও নিয়ম-নীতির সংযোজনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

—আবদুল গফুর মুন্সী
চরভদ্রাসন, ফরিদপুর।